নিরাপত্তা ও গোয়েন্দা কোর্স

“আবু আব্দুল্লাহ বিন আদম”

ওয়াযিরিস্তান, পাকিস্তান।

প্রকাশিত- ১৪৩২ হিজরি।

সূচিপত্র

	বিষয়	পৃষ্ঠা
১.	**ভূমিকা**	**৫**
২.	**নিরাপত্তা উসুল**	**৫-৮**
৩.	**একটি দেশের নিরাপত্তা**	**৮-৯**
	ক. অভ্যন্তরীণ নিরাপত্তা	৮
	খ. বাহ্যিক নিরাপত্তা	৯
৪.	**দলবদ্ধ হয়ে কাজ করা**	**৯-১১**
	ক. গোয়েন্দা সংস্থাগুলো কোথায় কাজ করে?	৯
	খ. ব্যাক্তিগত নিরাপত্তা	১০
	গ. দলের সদস্যের গুণাবলী	১০
৫.	**দলের নথিপত্র**	**১১-১৩**
	ক. ফাইল স্থানান্তর করা	১২
	খ. ফাইল ধ্বংস করার পদ্ধতি	১২
	গ. পরিচয়পত্রের মৌলিক বিষয়সমূহ	১২
৬.	**সদস্যদের মধ্যে তথ্য আদান-প্রদান করা**	**১৩-১৪**
৭.	**কাজের কিছু মৌলিক বিষয়**	১৪
৮.	**যোগাযোগ মাধ্যম**	**১৪-১৭**
	ক. চিঠি	১৪
	খ. টেলিফোন	১৫
	গ. ওয়্যারলেস/ওয়াকি-টকি	১৬
	ঘ. এসএমএস/ফ্যাক্স	১৭
৯.	**মিটিং ও গেট-টুগেদার (একত্র হওয়া)**	**১৭-১৮**

	ক. মিটিং আয়োজন করা	১৭
১০.	**সফরে নিরাপত্তা**	**১৮-১৯**
	ক. হোটেল নিরাপত্তা	১৮
	খ. বিভিন্ন ধরণের বাহন	১৯
১১.	**প্রপাগান্ডা / বিরোধী প্রচারণা**	**১৯-২০**
	ক. দলের ওপর প্রচারণার প্রভাব কমানো উপায়	১৯
	খ. শত্রু কিভাবে প্রচারণা চালায়	২০
১২.	**আত্মরক্ষামূলক নিরাপত্তা**	**২০-২১**
	ক. সেফ হাউজ	২০
১৩.	**আক্রমণাত্মক নিরাপত্তা**	**২১-২৫**
	ক. কাউকে অনুসরণ করা (ফলো)	২১
	খ. কেউ আপনাকে অনুসরণ করছে কি না কিভাবে জানবেন (কাউন্টার সারভাইলেন্স)	২৩
	গ. গাড়ি দিয়ে কাউকে অনুসরণ করার ব্যাপারে জরুরি বিষয়াদি	২৪
	ঘ. আপনার গাড়িকে অনুসরণ করা হচ্ছে কি না কিভাবে জানবেন	২৫
	ঙ. এক জায়গায় স্থির থেকে নজরদারি/সারভেলেন্স	২৫
১৪.	**ছদ্ম পরিচয় (কভার স্টোরি)**	**২৬-২৭**
	ক. অফিসিয়াল	২৬
	খ. আন-অফিসিয়াল	২৬
	গ. যথাযথ ছদ্মপরিচয়ের প্রয়োজনীয় গুণাবলী	২৭
১৫.	**লুকানো**	**২৭-২৮**
	ক. কিছু লুকানো বা নিরাপদ স্থানে রাখার আগে বিবেচ্য বিষয়াদি	২৭
১৬.	**ডেড ড্রপ বক্স**	**২৮-৩০**
	ক. ডেড ড্রপ বক্স-এর শর্তাবলী	২৮
	খ. সুবধি	২৮
	গ. অসুবিধা	২৯
	ঘ. যেসব বিষয়ে নজর রাখতে হবে	২৯

	ঙ. চিহ্নের শর্তাবলী	৩০
১৭.	**কারো অজান্তে তার কাছ থেকে তথ্য নেয়া**	**৩০-৩১**
	ক. প্রশ্নোত্তরের আগে যেসব বিষয় প্রস্তুত করতে হবে	৩১
	খ. কি ধরণের প্রশ্ন করতে হবে	৩১
১৮.	**জিজ্ঞাসাবাদ/জেরা**	**৩২-৩৪**
	ক. প্রাথমিক পর্যায়	৩২
	খ. প্রশ্নপর্ব	৩২
	গ. জেরা ঘর	৩৩
	ঘ. সাধারণ কিছু পয়েন্ট	৩৩

১. ভূমিকা

এই অনুবাদটি মুজাহিদীনদের দ্বারা উর্দু ভাষায় পরিচালিত মূল কোর্সটির সংক্ষিপ্ত সংস্করণ। কোর্সটি মূলত সেসব ভাইদের উদ্দেশ্যে সাজানো যারা উচ্চঝুকিপূর্ণ ক্ষেত্রগুলোতে কাজ করবে। কোর্সটি নিরাপত্তা ও ইন্টেলিজেন্স দুই বিষয়েই ফোকাস করে। যেহেতু আমাদের মূল লক্ষ্য ভাইদের নিরাপত্তা সম্পর্কে ধারণা দেয়া, তাই খাস করে ইন্টেলিজেন্স সংক্রান্ত অনেক খুঁটিনাটি বিষয় আমরা বাদ রাখার সিদ্ধান্ত নিয়েছি।

মূল কোর্সের ভিত্তিটি নেয়া হয়েছিলো একটি **পাকিস্তানি ইন্টেলিজেন্স ম্যানুয়াল** থেকে। তাই এর কিছু বিষয় পাকিস্তানি পরিবেশ-পারিপার্শ্বিকতার ওপর নির্ভর করে লেখা। তবু এটাই খুরাসানে দেয়া প্রায় সব নিরাপত্তা ও ইন্টেলিজন্স বিষয়ক কোর্সের মূল ভিত্তি হিসেবে ব্যাবহৃত হয়েছে, তা উর্দু, পশতু কিংবা আরবি যে ভাষাতেই হোক।

যাই হোক, নিরাপত্তা নীতি এমন বিষয় যা দেশ, শহর এবং চলতি ঘটনাবলীর ওপর নির্ভর করে দ্রুত বদলে যায়। এমনকি ব্যাক্তিবিশেষেও এর পরিবর্তন হয়। ফলে বিস্তৃত একটি নিরাপত্তা কোর্স দেয়া অসম্ভব।

যেমন বলা হয়েছে, বাংলা ভাষায় এই কোর্সটির সংস্করণ প্রকাশ করার লক্ষ্য হচ্ছে বিভিন্ন স্থানে কর্মরত ভাইদের **'নিরাপত্তার মৌলিক বিষয়াদি'** সম্পর্কে ধারণা দেয়া, যা থেকে তারা তাদের স্থান-পরিবেশ অনুযায়ী নিয়ম-কানুন ও মাপকাঠি বের করে নিতে পারে।

২. নিরাপত্তা উসুল

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا خُذُوا حِذْرَكُمْ فَانفِرُوا ثُبَاتٍ أَوِ انفِرُوا جَمِيعًا

অর্থ : হে মুমিনগণ, তোমরা তোমাদের সতর্কতা অবলম্বন কর।

অতঃপর ক্ষুদ্র ক্ষুদ্র দল হয়ে বেরিয়ে পড় অথবা একসাথে বের হও। (সূরা নিসা ০৪: ৭১)

নিরাপত্তার ক্ষেত্রে কয়েকটি উসুল/মূলনীতি :

১. সমন্বয় :

ইসলাম **"তাওয়াক্কুল আলাল্লাহ"** এবং **"নিরাপত্তা"** নেয়া' দুটোর মাঝে সমন্বয়। শুধু নিরাপত্তা ব্যবস্থাকে যথেষ্ট মনে করলে হবে না, আল্লাহর উপর তাওয়াক্কুল করে কিছু ঝুকি নিয়ে হলেও কাজ চালিয়ে যেতে হবে।

وَكَذَٰلِكَ جَعَلْنَاكُمْ أُمَّةً وَسَطًا

অর্থ : এমনিভাবে আমরা তোমাদেরকে মধ্যপন্থী সম্প্রদায় করেছি। (সুরা বাকারা ০২: ১৪৩)

তাই আমাদেরকে মূল কাজ বন্ধ না করে নিরাপত্তা ব্যবস্থা নিতে হবে। আল্লাহর উপর তাওয়াক্কুল করে কাজ চালিয়ে যেতে হবে সামর্থ অনুযায়ী নিরাপত্তা ব্যবস্থা নিয়ে। কিন্তু নিরাপত্তা নেয়ার অযুহাতে মূলকাজ বন্ধ করে দেয়া যাবে না।
যেমন: সীরাত থেকে আমরা পাই,

ক) হিজরত করার সময় রাসুল (সাঃ) অনেক নিরাপত্তা ব্যবস্থা নিয়েছেন কিন্তু হিজরত বন্ধ করে দেন নি।

খ) আকাবার শপথ গ্রহণের সময় অনেক নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে কিন্তু এত বিপদের সম্ভাবনার মাঝেও শপথ অনুষ্ঠিত হয়েছে।

২. আসবাব :

আমরা নিরাপত্তা নেই আসবাব হিসেবে, কিন্তু তাকদীরে যা লিখে রাখা আছে সেটা হবে।

হাদিস থেকে আমরা পাই-

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: "كُنْت خَلْفَ رَسُولِ اللَّهِ صلى الله عليه و سلم يَوْمًا، فَقَالَ: يَا غُلَامِ! إنِّي أُعَلِّمُك كَلِمَاتٍ: احْفَظْ اللَّهَ يَحْفَظْك، احْفَظْ اللَّهَ تَجِدْهُ تُجَاهَك، إذَا سَأَلْت فَاسْأَلْ اللَّهَ، وَإِذَا اسْتَعَنْت فَاسْتَعِنْ بِاَللَّهِ، وَاعْلَمْ أَنَّ الْأُمَّةَ لَوْ اجْتَمَعَتْ عَلَى أَنْ يَنْفَعُوك بِشَيْءٍ لَمْ يَنْفَعُوك إلَّا بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللَّهُ لَك، وَإِنْ اجْتَمَعُوا عَلَى أَنْ يَضُرُّوك بِشَيْءٍ لَمْ يَضُرُّوك إلَّا بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللَّهُ عَلَيْك؛ رُفِعَتْ الْأَقْلَامُ، وَجَفَّتْ الصُّحُفُ"

অর্থ : আবূ আব্বাস আব্দুল্লাহ্ ইবন আব্বাস (রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত –

"একদিন আমি রাসূলুল্লাহ্)ﷺ(এর পিছনে ছিলাম, তিনি আমাকে বললেনঃ "হে যুবক আমি তোমাকে কয়েকটি কথা শেখাতে চাই। কথাগুলো হচ্ছে এই যে, তুমি আল্লাহকে স্মরণ করবে, তাহলে তিনি তোমাকে রক্ষা করবেন, আল্লাহকে স্মরণ করলে তাঁকে তোমার সামনেই পাবে। যখন কিছু চাইবে তো আল্লাহর কাছেই চাইবে; যখন সাহায্য চাইবে তো আল্লাহর কাছেই সাহায্য চাইবে। জেনে রাখ, সমস্ত মানুষ যদি তোমার কোন উপকার করতে চায় তবে আল্লাহ্ তোমার জন্য যা নির্দিষ্ট করে দিয়েছেন, তা ব্যতীত আর কোন উপকার করতে পারবে না। আর যদি সমস্ত মানুষ তোমার কোন অনিষ্ট করতে চায় তবে আল্লাহ্ তোমার জন্য যা নির্দিষ্ট করে দিয়েছেন তা ব্যতীত আর কোন অনিষ্ট করতে পারবে না। **কলম তুলে নেয়া হয়েছে এবং পৃষ্ঠা শুকিয়ে গেছে।**" (তিরমিজিঃ ২৫১৬)

৩. বিপদ মুসীবত :

আমাদের মনে রাখতে হবেঃ আল্লাহর অনুমতি ব্যতিত কোন বিপদ মুসীবত আসে না। তাই নিরাপত্তা নেয়ার নামে ভীতু-কাপুরুষ হয়ে বসে থাকলে চলবে না।

مَا أَصَابَ مِن مُّصِيبَةٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ ۗ وَمَن يُؤْمِن بِاللَّهِ يَهْدِ قَلْبَهُ ۚ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ

অর্থ : আল্লাহর অনুমতি ছাড়া কোন বিপদই আপতিত হয় না। যে আল্লাহর প্রতি ঈমান আনে, আল্লাহ তার অন্তরকে সৎপথে পরিচালিত করেন। আল্লাহ প্রত্যেক বিষয়ে সর্বজ্ঞ। (সুরা আনকাবুত ৬৪: ১১)

وَمَا كَانَ لِنَفْسٍ أَن تَمُوتَ إِلَّا بِإِذْنِ اللَّهِ كِتَابًا مُّؤَجَّلًا

অর্থ : আর আল্লাহর হুকুম ছাড়া কেউ মরতে পারে না, তার জন্য একটা নির্ধারিত সময় রয়েছে। (সুরা আল ইমরান ০৩: ১৪৫)

৪. ওয়াস ওয়াসা :

শয়তান আমাদের মনে ওয়াস ওয়াসা দিয়ে কাফির-মুরতাদ বাহিনী, তাদের গোয়েন্দা বাহিনী সম্পর্কে ভীতির সঞ্চার করার চেষ্টা করে।

إِنَّمَا ذَٰلِكُمُ الشَّيْطَانُ يُخَوِّفُ أَوْلِيَاءَهُ فَلَا تَخَافُوهُمْ وَخَافُونِ إِن كُنتُم مُّؤْمِنِينَ

অর্থ : সে তো শয়তান। সে তোমাদেরকে তার বন্ধুদের ব্যাপারে ভয় দেখায়। তোমরা তাদেরকে ভয় করো না, বরং আমাকে ভয় কর, যদি তোমরা মুমিন হও। (সূরা আল ইমরান ০৩:১৭৫)

কুফফার মিডিয়াও এই কাজে সচেষ্ট। সর্বদা তারা বানিয়ে মিথায় নিউজ তৈরী করে এসব বাহিনীকে অনেক শক্তিশালী, সব কিছু জেনে যাচ্ছে – এই রকম ভাব দেখায়। কিন্তু আসলে শয়তান ও তার বাহিনী অত্যন্ত দূর্বল। আল্লাহ রাব্বুল আলামীন বলেছেন:

إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا

অর্থ : নিশ্চয়, শয়তানের চক্রান্ত অত্যন্ত দূর্বল। (সুরা নিসা ০৪:৭৬)

এটা কিয়ামত পর্যন্ত সত্য একটা আয়াত। তাই কিয়ামত পর্যন্ত শয়তান আর শক্তিশালী হতে পারবে না। শুধু মুমিনদের আল্লাহর উপর ভরসা করে জেগে উঠার অপেক্ষা।

৫. তথ্য :

তথ্যের ক্ষেত্রে যার জন্য যতটুকু প্রয়োজন শুধু ততটুকু জানানো। **তথ্য জানানো কিংবা না জানানো বিশ্বাস-অবিশ্বাসের প্রশ্ন নয়, এটা হচ্ছে প্রয়োজন-অপ্রয়োজনের প্রশ্ন।**

عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه و سلم

مِنْ حُسْنِ إِسْلَامِ الْمَرْءِ تَرْكُهُ مَا لَا يَعْنِيه

অর্থ : আবু হুরায়রা (রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন - রাসূলুল্লাহ্ (ﷺ) বলেছেন, **"অনর্থক অপ্রয়োজনীয় বিষয় ত্যাগ করাই একজন ব্যক্তির উত্তম ইসলাম।"** (তিরমিযী: ২৩১৮, ইবনে মাজাহ: ৩৯৭৬)

যেমন: তাবুক যুদ্ধ ছাড়া অন্য কোন যুদ্ধে রাসুলাল্লাহ্ (ﷺ) সাহাবিদের (রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু) কে গন্তব্যের ব্যাপারে আগাম কোন তথ্য জানাননি।

তথ্য অনেকভাবে মানুষকে জানানো হয়। যেমন: গল্পচ্ছলে, কথার মাধ্যমে, প্রশ্ন-উত্তরের মাধ্যমে। তাই আমাদের এই ব্যাপারে সতর্ক থাকতে হবে।

আমাদের মনে রাখতে হবে :

- লা হাওলা ওয়ালা কুয়্যাতা ইল্লা বিল্লাহ,
- আল্লাহু আল হাফিজ,
- হাসবি আল্লাহু নিয়মাল ওয়াকীল ...,

৩. একটি দেশের নিরাপত্তা

একটি দেশের নিরাপত্তাকে দুটি শাখায় বিভক্ত করা যায়।
ক. অভ্যন্তরীণ নিরাপত্তা
খ. বাহ্যিক নিরাপত্তা

ক. অভ্যন্তরীণ নিরাপত্তা :

এদের কাজ হচ্ছে যেকোন উপায়ে বিদ্রোহ ও সভা-সমাবেশ নিয়ন্ত্রণ করা। **প্রতিরক্ষার প্রথম সারিতে থাকে পুলিশ।** যার কাজ হচ্ছে অপরাধ সীমিত রাখা। পরের সারিতে থাকে রেঞ্জারস। এদের দায়িত্ব দেশের বিভিন্ন এলাকা রক্ষা করা আর কোন নির্দিষ্ট এলাকায় কে প্রবেশ করছে বা ত্যাগ করছে তার ওপর নজর রাখা। এর পাশাপাশি তাদেরকে বিক্ষোভ সমাবেশ ভেঙে দেয়ার কাজেও ব্যাবহার করা হয়।

একটা বিষয় জেনে রাখা জরুরি যে যদি পুলিশ/রেঞ্জারসরা কাজে একনিষ্ঠ হয় তাহলে একসময় সুবিচার প্রতিষ্ঠা হয়। কিন্তু যদি তারা ঘুষখোর দুর্নীতিপরায়ণ হয় তবে অবিচার ছড়িয়ে পড়ে। পরিণামে দেশ অভ্যুত্থানের দিকে অগ্রসর হয়। আদর্শ সরকারের একটি উদাহরণ হচ্ছে **তালিবান সরকার**। তাদের আইনপ্রয়োগকারীরা শরিয়ত মোতাবেক কাজ করতো। ভালোর আদেশ করতো আর মন্দের নিষেধ করতো। তাকওয়া জীবিকা থেকে আসে না, আসে ঈমান থেকে। পুলিশের যদি ঈমান থাকে, পরিণতিতে তাকওয়া আসে, ফলে দেশে সুবিচার প্রতিষ্ঠা হয়। ঈমানের বিভিন্ন ধাপ আছে।
প্রথমটি হলো হাত দিয়ে মন্দকে প্রতিরোধ করা।
দ্বিতীয়টি হলো জিহ্বার মাধ্যমে মন্দকে প্রতিরোধ করা।
তৃতীয় ও সর্বনিম্নটি হচ্ছে অন্তর থেকে মন্দকে ঘৃণা করা।

আলহামদুলিল্লাহ, তালিবান প্রথম ধাপটিই প্রয়োগ করেছিলো। একারণেই সারা বিশ্বের কাফিররা তাদেরকে উৎখাত করার চেষ্টায় দলবদ্ধ হয়েছে।

প্রতিরক্ষার পরের সারি হচ্ছে সৈন্যবাহিনী। এটা কয়েক ভাগে বিভক্ত: **সেনা, নৌ ও বিমান বাহিনী**। এদের সবই রাষ্ট্রের বাহ্যিক নিরাপত্তার ওপর নজর রাখে। কিন্তু সৈন্যবাহিনীর আরেকটি অংশ আছে যেটা অভ্যন্তরীণ নিরাপত্তা নিয়ে কাজ করে।

পাকিস্তানে এদের নাম এফ.আই.এ। মুজাহিদীনদের জন্য এরা সবচেয়ে বিপজ্জনক। এদের একমাত্র লক্ষ্য জিহাদি চিন্তাধারা আছে এমন লোকদের খুঁজে বের করা। যদি এরকম একজনকেও তারা খোঁজে, একাজে তারা ১০০০ কর্মী নিয়োগ করতেও প্রস্তুত। তার কারণ একজন চিন্তাদর্শবাদী ব্যাক্তি অত্যন্ত বিপজ্জনক, সে একটি অভ্যুত্থান ঘটিয়ে ফেলতে পারে। এর একটি উদাহরণ হচ্ছে শেইখ উসামা বিন লাদেন (রাহিমাহুল্লাহ) যিনি এই মহান দ্বীনের জন্য কিছু করার সিদ্ধান্ত নিয়েছিলেন। আর কাফিরদের মাঝে সেটা বিরাট আতংকের সৃষ্টি করে। তিনি ছিলেন একজন মাত্র, ছোট ছোট পদক্ষেপ নিয়ে তিনি এই পর্যায়ে পৌছেছেন– ঠিক যেমন বিন্দু বিন্দু জলের ফোঁটা একসময় প্রবাহের সৃষ্টি করে। আর এর থেকে আমরা অত্যন্ত গুরূত্বপূর্ণ একটি শিক্ষা গ্রহণ করতে পারি – **'লাভজনক কাজ সেটাই যেটাতে বহাল থাকা যায়'**।

খ. বাহ্যিক নিরাপত্তা :

এধরণের নিরাপত্তার প্রধান লক্ষ্য হচ্ছে পাকিস্তানের গোপন তথ্যাদি বহির্বিশ্বের কাছে ফাঁস হওয়া থেকে রক্ষা করা। দ্বিতীয় লক্ষ্য হচ্ছে অন্য দেশের গোপন তথ্য চুরি করা। মূল যে সংগঠনটি এসব কর্মকান্ড চালায় সেটা হলো আই.এস.আই। তাদের সবচেয়ে বড় ক্ষতি হয়েছিলো যখন **ডঃ আব্দুল কাদির খান** পারমাণবিক তথ্য বিদেশে পাচার করতে গিয়ে ধরা পড়ে যান। আর তাদের সবচেয়ে বড় সাফল্য এসেছিলো **১৯৯১** সালে। ইসরায়েল এবং ভারত পাকিস্তানের পারমাণবিক কেন্দ্রের ওপর জেট ও অন্যান্য বিমান ব্যাবহার করে আক্রমণ করতে চেয়েছিলো। কিন্তু এক ইরাকি (বা ইরানি) লোক এই পরিকল্পনা বাস্তবায়ন হওয়ার ১২ ঘন্টা আগেই এসম্পর্কে আই.এস.আই-কে জানিয়ে দেয়। পাকিস্তানি সরকার সেনাবহিনীকে আসন্ন আক্রমণের জন্য প্রস্তুত করে রাখে। ফলে পারমাণবিক কেন্দ্রের ওপর আক্রমণটি বাতিল করা হয়। অদ্ভুত এই যে, পাকিস্তান ইন্টেলিজেন্সেরই কেউ একজন এই ব্যাপারটি ইসরায়েল ও ভারতের কাছে ফাঁস করে দেয় যে পাকিস্তান সরকার আসন্ন আক্রমণটির ব্যাপারে অবগত, যার ফলে তারা মিশনটি বাতিল করে। আমাদের এই ব্যাপারটা বুঝতে হবে যে এক ইন্টেলিজেন্স এজেন্সি যেমন আরেক ইন্টেলিজেন্স এজেন্সিতে অনুপ্রবেশ করার চেষ্টা করে, তারা মুজাহিদীনদের মাঝে অনুপ্রবেশ করার চেষ্টার ক্ষেত্রেও সেটা সত্য।

৪. দলবদ্ধ হয়ে কাজ করা

ক. গোয়েন্দা সংস্থাগুলো কোথায় কাজ করে?

গোয়েন্দা সংস্থাগুলোর জন্য সবচেয়ে ফলপ্রসু হচ্ছে **সাংবাদিক** হিসেবে এজেন্ট নিয়োগ দেয়া। এছাড়া তারা ট্যাক্সি চালক, দোকানদার, ইত্যাদি ব্যাবহার করে। তবে বেশিরভাগ ক্ষেত্রে সাংবাদিকদেরই ব্যাবহার করা হয়। যেমন ড্যানিয়েল পার্ল ছিলো আমেরিকার গোয়েন্দা সংস্থার নিয়োজিত এজেন্ট। একজন এজেন্ট যখন এরকম কোন কাভার (ছদ্মপরিচয়) ব্যাবহার করে, সেটা কাজে লাগিয়ে সে পৃথিবীর যেকোন জায়গায় চলে যেতে পারে। সে যদি অনুসন্ধান করে বা লোকজনকে স্পর্শকাতর প্রশ্ন করে বেড়ায়, সে তো তার পেশাসুলভ কাজই করছে, একজন সাংবাদিক যেমন গল্পের গভীরে যাওয়ার চেষ্টা করে তেমন। আরেকটি কারণ হচ্ছে, এটি একটি সম্মানিত পেশা, আর এটা যেকোন দেশের আমলা ও উচ্চপদস্থ সরকারি কর্মকর্তাদের সাথে মেশার সুযোগ করে দেয়। কারণ সে সবসময় তাদের সাক্ষাৎকার নিতে থাকে এবং তাদের সংবাদ সম্মেলনে উপস্থিত থাকে।

খ. ব্যাক্তিগত নিরাপত্তা :

যেকোন দলের প্রধান ভূমিকা হচ্ছে তার সদস্যদের হিফাযত করা। আর পুরো দলের মধ্যে **ইন্টেলিজেন্সে** কর্মরত ভাইয়েরা সবচেয়ে গুরুত্বপূর্ণ। এর প্রধান কারণ হচ্ছে যে তাদের কাছে মিশন সংক্রান্ত সব গোপন তথ্য এবং অন্যান্য স্পর্শকাতর তথ্যাদি থাকে।

একটি দলে দুই ধরণের সদস্য থাকে।
১ম- প্রকাশ্য ভাইয়েরা – যেমন দলের গাড়িচালক, প্রশিক্ষক, ইত্যাদি
২য়- গুপ্ত ভাইয়েরা – যারা তথ্য-উপাত্ত জড়ো করে, সফরে ব্যস্ত থাকে, ইত্যাদি।

দলের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে এর ইন্টেলিজেন্স সদস্যরা। তাদের বিভিন্ন ছদ্মবেশের প্রয়োজন হয়। এদের হাতে অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য থাকে বলেই কাফির ইন্টেলিজেন্সের সবচেয়ে বড় লক্ষ্য হলো এই ইন্টেলিজেন্স ভাইয়েরা।

কোন কোন ক্ষেত্রে আপনি একাই কাজ করবেন। কিন্তু অন্য অনেক সময়ে আপনাকে দলে কাজ করতে হবে। আপনি কিভাবে নতুন সদস্য সংগ্রহ করবেন?

গ. দলের সদস্যের গুণাবলী :

১. মুসলমান।
২. নুন্যতম শিক্ষা আছে: এতে সে দ্রুত ও সহজে সবকিছু বুঝতে ও ধারণ করতে পারবে। শিক্ষার ধরণ সেকুলার (স্কুল/কলেজ) কিংবা ইসলামি (মাদ্রাসা) হতে পারে। সবচেয়ে ভালো হয় যদি দুই ধরণের শিক্ষাই তার থাকে। কিন্তু তেমন কাউকে পাওয়া মুশকিল। এরকম কাউকে পেলে তার দিকে বাড়তি খেয়াল রাখতে হবে।
৩. তার দ্বীনের জন্য, আল্লাহর জন্য এবং উম্মতের জন্য কাজ করার সদিচ্ছা থাকতে হবে: এই গুণ তাকে এই পথের প্রতি বিশ্বস্ত ও অনুগত করবে। আমাদের বুঝতে হবে যে জিহাদ ইসলামের শিখর; তাই স্বভাবতই শয়তান আমাদের পথচ্যুত করতে সর্বাত্মক চেষ্টা করে যাবে। একটি উদাহরণ হচ্ছে পরিবারে জন্য তকলিফ ও সমস্যার সৃষ্টি হওয়া, কিন্তু এতে একজন সত্যিকারের মুজাহিদ জিহাদের পথ থেকে সরে যাবে না, কারণ সে জানে যে হাজারো মুসলমান পরিবার আছে যারা কাফিরদের হাতে কষ্টভোগ করছে।
৪. এমন ভাই যার তারবিয়াহ আছে: অর্থাৎ সে সঠিক আক্বীদাহ ও মানহাজ বোঝে, আর এই আক্বীদাহর জন্য সে সবকিছু কোরবানি করতে প্রস্তুত। এমন কেউ যে তার লক্ষ্যের ওপর স্থির, পরিস্থিতি যাই হোক না কেন, অর্থাৎ পথ কঠিন হোক বা সহজ, সে এই পথে অটল থাকতে বদ্ধপরিকর। তার এই গুণ আছে কি না জানার জন্য তাকে বিভিন্ন পরিক্ষার মধ্যে ফেলে দেখতে হবে সে কঠিন পরিস্থিতিতে কাজ করতে পারে কি না এবং তার দায়িত্বে স্থির থাকে কি না। কঠিন পরিক্ষায় সে নেতৃত্বের সিদ্ধান্ত মেনে চলে কি না তাও লক্ষ্য করা যায়। তাকে রুটিনে অভ্যস্ত না হওয়া শেখানো জরুরি – যেমন নির্দিষ্ট সময়ে খাওয়া, নির্দিষ্ট সময়ে ঘুমানো, ইত্যাদি। উচ্চ ঝুঁকিপূর্ণ জায়গায় কাজ করার সময় কোন রুটিন রাখা চলবে না।
৫. বুদ্ধিমত্তা এবং আত্মবিশ্বাস: কতৃপক্ষ বা গোয়েন্দা সংস্থার মুখোমুখি হলে এসব কাজে আসে। সে বিচলিত হয়ে একটি পুরো অপারেশন ভেস্তে দেবে না।
৬. বিশ্বস্ত হতে হবে: এই গুণ না থাকলে কাল সে টাকার লোভে পড়ে শত্রুর হয়ে কাজ করতে পারে। ঠিক এই সমস্যার কারণে পাকিস্তানে **শেইখ খালিদ** নামে এক প্রবীণতর ভাই গ্রেফতার হয়েছিলেন। তিনি এক পাকিস্তানি আনসারের সাথে কাজ করতেন যে রাশিয়ানদের বিরুদ্ধে লড়েছিলো এবং তাতে একটা পা হারিয়েছিলো। তারা যখন একসঙ্গে ছিলো, সেই আনসারি খেয়াল করলো যে শেইখের কাছে বড় অংকের টাকা আছে। দীর্ঘসময় সে জিহাদে যুক্ত থাকা সত্ত্বেও শয়তান তাকে টাকাটি

হাতিয়ে নিতে প্রলুব্ধ করলো। সে চেয়েছিলো শেইখকে গ্রেফতার করার দায়িত্বে থাকা অফিসারের সাথে টাকা ভাগ করে নেবে। এলাকার উর্ধ্বতন অফিসারের কাছে গিয়ে সে তার পরিকল্পনার কথা বলল, যে সে যদি টাকা ৫০:৫০ ভাগ করতে রাজি থাকে তাহলে সে ভাইটির ঠিকানা অফিসারকে দেবে তাকে গ্রেফতার করার জন্য। অফিসারটি এসব শুনে সেই আনসারির ওপর রেগে গেলো এবং তাকে বলল আল্লাহকে ভয় করতে আর আমেরিকানদের সাহায্য না করতে। সে তাকে বকতে থাকলো আর তাকে বাড়ি ফিরে যেতে এবং এরকম চিন্তাভাবনা ভুলে যেতে উপদেশ দিলো। দিন দশেক পর সেই আনসার আবার টাকাটার কথা চিন্তা করতে শুরু করল। এবার সে আগের অফিসারের চেয়ে উর্ধ্বতন এক অফিসারের কাছে গেলো। এই অফিসারটি রেইডে নেতৃত্ব দিয়ে ভাইটিকে আটক করলো আর টাকা বাজেয়াপ্ত করে নিলো। শেইখকে আমেরিকার হাতে তুলে দেয়া হলো। কিছুদিন পর আনসারিটি সেই অফিসারের কাছে গিয়ে টাকার কথা জিজ্ঞাসা করলে তাকে অবাক করে দিয়ে অফিসার তাকে জঙ্গিদের সাহায্য সহযোগিতা করার দোষ দিতে থাকল। অবশেষে সে আনসারিটিকে আটক করে আমেরিকার হাতে তুলে দেয় আর তারা তাকে পরে কিউবায় পাঠায়। তার লোকসান দেখুন, সে না পেলো দুনিয়া, না পেলো আখিরাত। যেকোন মুজাহিদের জন্য এটি একটি মূল্যবান শিক্ষা – এখন জিহাদ করছেন বলে শয়তান আপনাকে ছেড়ে দেবে এটা কখনও ভাববেন না। বরং সে আরও বেশী পরিশ্রম করবে এবং এমনভাবে প্রলুব্ধ করবে যা সে আগে কখনও করেনি।

৭. একগুঁয়ে বা জেদি না।

৮. এমন কেউ যে ভাইদের মধ্যে সমস্যার সৃষ্টি করে না: কারণ এতে দলের কর্মপন্থা আর ভবিষ্যৎ পরিকল্পনার ওপর প্রভাব পড়তে পারে।

৯. এমন কেউ যে লোভী বা দুনিয়ায় আসক্ত না: কারণ তেমন হলে শত্রুদের জন্য এরকম কাউকে কিনে ফেলার সুযোগ তৈরি হতে পারে।

১০. এমন কেউ যে তার সাথে সংশ্লিষ্ট নয় এমন বিষয়ে অতিরিক্ত প্রশ্ন করে না: যদি সে ধরা পড়ে এবং তাকে তথ্য ফাঁস করতে বাধ্য করা হয়, দল ও কাজের ক্ষতি যেন সীমিত থাকে।

১১. অতিরিক্ত কথা বলে না: ভুলক্রমে তথ্য ফাঁস হয়ে যেতে পারে।

৫. দলের নথিপত্র

এতে অন্তর্ভুক্ত থাকে ভাইদের নাম, দলের লক্ষ্য/উদ্দেশ্য, ভবিষ্যৎ পরিকল্পনা, ইত্যাদি। এগুলো বিভিন্ন ফরম্যাটে থাকতে পারে: ফাইল, সিডি/ডিস্ক, অডিও, ভিডিও অথবা ছবি। সব কখনও এক জায়গায় রাখা যাবে না। ফাইল বিভিন্ন ধরণের হতে পারে। যেমন -

১ম সাধারণ ফাইল : এতে থাকতে পারে দলের খরচের হিসাব, যেমন খাবার, পেট্রল, ডাক্তারের ফিস, ইত্যাদি।

২য় গোপনীয় ফাইল : এতে থাকে দলের সাধারণ গোপনীয় তথ্য আর সদস্যদের নাম।

৩য় অতিগোপনীয় ফাইল : এতে থাকে কিছু নেতাদের এবং স্পর্শকাতর এলাকাগুলোতে লো-লেভেল কাজে নিয়োজিত ভাইদের নাম।

৪র্থ স্পর্শকাতর ফাইল : এতে থাকে দলের পরিকল্পনাসমূহ, অর্থদাতাদের নাম, দলের লক্ষ্য এবং কর্মপন্থা।

৫ম অতি গোপনীয় ফাইল : এতে থাকে ইন্টেলিজেন্স বিভাগে কর্মরত ভাইদের সংক্রান্ত তথ্য, তারা কোথায় কাজ করছে, ভি.আই.পি-দের ওপর রিপোর্ট এবং অনুরূপ অত্যন্ত স্পর্শকাতর তথ্য।

যদি সাধারণ, গোপনীয় এবং অতিগোপনীয় ফাইল হারায়, সেব্যাপারে তদন্ত করতে হবে। ভাইদেরকে তাদের দায়িত্ব থেকে বিচ্যুত করতে হবে আর পদ থেকে সরিয়ে নিতে হবে। কোন কঠিন শাস্তি নেই। কিন্তু যদি স্পর্শকাতর/টপ সিক্রেট ফাইল হারায় সেক্ষেত্রে পূর্ণ তদন্ত করতে হবে। তদন্তের পর যদি দলের প্রতি কারও বিশ্বাসঘাতকতা প্রমাণিত হয় তাকে মৃত্যুদন্ডের মাধ্যমে কতল করতে হবে। এসবই গোপনে করা জরুরি আর তার অপরাধ দলের বাকিদের কাছে প্রকাশ করা উচিৎ না।

দলের নেতার অনুমতি ছাড়া ফাইল দলের সদস্যদের মধ্যে আদান-প্রদান করা যাবে না। আপনাকে যদি একটা ফাইল পাঠানো হয় যা আপনার কাছে কেন এবং কিভাবে আসলো তা আপনার জানা নেই, এব্যাপারে আপনাকে আপনার উর্ধ্বতন ভাইদের কাছে রিপোর্ট করতে হবে। আপনি যদি দেখেন কেউ কোন ফাইল অসাবধানতাবশত ফেলে রেখে গিয়েছে, আপনাকে সেটা উর্ধ্বতন ভাইদের কাছে পৌছে দিতে হবে এবং সেই ব্যাক্তির যথাযথ বিচার-সায়েস্তার কাজ তাদের ওপর ছেড়ে দিতে হবে। ফাইল হারালে তার ভেতরের সব তথ্যের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। যেমন, যদি ভাইয়েরা কোনও নির্দিষ্ট বাড়িতে অস্ত্র লুকিয়ে রাখে, আর সেব্যাপারে যদি হারানো ফাইলে উল্লেখ থাকে তাহলে অস্ত্রগুলো অন্য কোথাও সরিয়ে ফেলা ভাইদের ওপর অবশ্য কর্তব্য।

ক. ফাইল স্থানান্তর করা :

প্রথমে নিশ্চিত করতে হবে ফাইল সত্যিই পাঠাতে হবে কি না। যদি সম্ভব হয়, ফাইল পাঠানো হয়েছে সেটা নিশ্চিত করার জন্য প্রাপকের কাছ থেকে সই নিতে হবে। এর সাথে ফাইলের ধরণ, পরিমাণ, ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে। ফাইলটি যদি খুবই গুরুত্বপূর্ণ হয় সেটাকে ৩ থেকে ৪ ভাগে বিভক্ত করতে হবে। যদি একটা অংশ খোয়া যায় কিংবা ধরা পড়ে যায় পুরো ফাইলটি হারানো থেকে রক্ষা পাওয়া যাবে।

ফাইল পাঠানোর কাজে নিয়োজিত ভাইটির জানা থাকতে হবে ফাইলটি গুরুত্বপূর্ণ কি না (যাতে প্রয়োজনে সে বাড়তি খেয়াল রাখতে পারে)। ফাইলটির গন্তব্য সংক্রান্ত তথ্য তাকে মুখস্ত করে রাখতে হবে, যেমন প্রাপক ভাইটির নাম, ঠিকানা, ইত্যাদি। যদি এসব তাকে লিখে রাখতেই হয়, তাকে নিশ্চিত করতে হবে সব তথ্য যথাযথ সংকেতের সাহায্যে লেখা।

সাধারণ ফাইল যেকোন ভাইকে দিয়ে পাঠানো যেতে পারে। গোপনীয় এবং অতিগোপনীয় ফাইল শুধুমাত্র নির্ভরযোগ্য বাছাইকৃত ভাইদের দিয়ে পাঠাতে হবে। স্পর্শকাতর ও টপ সিক্রেট ফাইল কখনই স্থানান্তর করা উচিৎ না।

খ. ফাইল ধ্বংশ করার পদ্ধতি :

প্রথমে ফাইলটি টুকরো টুকরো করে কাটতে হবে, তারপর আগুনে পোড়াতে হবে, শেষে ছাই বা অবশিষ্টের ওপর পানি ঢেলে দিতে হবে। কাগজের ওপর বল পয়েন্ট কলম দিয়ে লিখলে যে কাগজে লেখা হয়েছে তার নিচের কমপক্ষে ৩-৪ পাতা ধ্বংশ করতে হবে। এসব ফাইল ছোয়ার জন্য হাতের গ্লাভ ব্যাবহার করার অভ্যাস করুন, যাতে শত্রুর হাতে পড়লে এর থেকে তারা ডি.এন.এ বের করতে না পারে।

গ. পরিচয়পত্রের মৌলিক বিষয়সমূহ :

শত্রুর দেশে অবস্থান করলে আপনার পাসপোর্ট আপনার থাকার জায়গায় রাখবেন না। এর কারণ হচ্ছে যে যদি পুলিশ বাড়িটি রেইড করে আর পাসপোর্টটি জব্দ করে, আপনি সহজে সেদেশ থেকে বের হতে পারবেন না। আপনার ছদ্মপরিচয় অনুযায়ী পরিচয়পত্র সবসময় বহন করতে হবে। কখনই দুটি ভিন্ন পরিচয়পত্র একসঙ্গে বহন করবেন না। অপারেশন করার সময় সর্বদা জাল কাগজপত্র ব্যাবহার করবেন।

পাসপোর্ট তিন ধরণের হয়:

১. আসল – এটা কোনও অপারেশনে বহন করা যাবে না।

২. আসল ছবি সহ কিন্তু এর তথ্য জাল বা অন্য কারো।

৩. ছবি আর তথ্য সবই অন্য কারো।

আদর্শিকভাবে দলের নেতা আর ইন্টেলিজেন্সের ভাইদের উচিৎ বিভিন্ন দেশের একাধিক পাসপোর্ট রাখা যাতে প্রয়োজনে তাদেরকে সহজে স্থানান্তর করা যায়।

৬. সদস্যদের মধ্যে তথ্য আদান-প্রদান করা

তথ্য আদান-প্রদানের অসংখ্য পদ্ধতি আছে: চিঠি, মোবাইল, ইন্টারনেট, ইত্যাদি। খেয়াল রাখতে হবে, গোয়েন্দা সংস্থাগুলো এসব পদ্ধতির কথা জানে। তাই তারা অনেক বহুভাষিক এজেন্টদের ব্যাবহার করে। তারা এজেন্টদেরকে পোস্ট অফিসে নিয়োগ করে আর যন্ত্র ব্যাবহার করে সন্দেহজনক চিঠি পড়ে। চিঠি যদি সাংকেতিক ভাষায় লেখা থাকে তারা সেটাকে ছেড়ে দেয় আর প্রাপককে অনুসরণ করে।

আরেকভাবে গোয়েন্দারা আড়ি পাতে ফোন নেটওয়ার্কগুলোতে এজেন্ট স্থাপন করার মাধ্যমে। এক্ষেত্রে বহুভাষিক এজেন্ট ব্যাবহার করা তাদের জন্য বিশেষভাবে জরুরি কারণ তারা লোকজনের কথোপকথনে আড়ি পাতবে। তারা সব আন্তর্জাতিক কল ট্রেস করে। নেটওয়ার্কে তারা এমন ব্যাবস্থা স্থাপন করেছে যা বিশেষ কিছু শব্দ ব্যাবহৃত হলেই স্বয়ংক্রিয়ভাবে সিস্টেমকে সতর্ক করে দেয়। এরকম বিশেষ শব্দ অনেক আছে, যেমন: উসামা, ইরাক, আফগানিস্তান, লিবিয়া, তাগুত, ইত্যাদি। পাকিস্তানে যদি কেউ এসব শব্দ ব্যাবহার করে আর তাকে ট্রেস করা হয়, তার উপর ৩ থেকে ৬ মাস নজরদারি করা হয়। মোবাইল যোগাযোগ সম্পর্কিত একটি উদাহরণ হচ্ছে এক সৌদি ভাই যে ১৯৯৭-৯৮ সালে জিহাদে সম্পৃক্ত ছিলেন। তিনি খুব বন্ধুসুলভ ছিলেন আর সবসময় ভাইদের সাথে যোগাযোগ রাখার জন্য তাদের ফোন নাম্বার নিতে চাইতেন। অনেকে দ্বিধা করতো, কিন্তু ভাইটি বেশ সিনিয়র ছিলেন, তাই তারা ভাবতো এই তথ্য দেয়াতে তেমন কোন ঝুঁকির আশঙ্কা নেই। গোয়েন্দারা এই ভাইটিকে আটক করে তার মোবাইল ফোন জব্দ করল আর বিস্মিত হলো যখন দেখলো সেখানে **৭০০ নাম্বার** রয়েছে। তাকে তারা **৬ মাস আটকে রাখে**, আর তার ফোনে পাওয়া সব লোকদের ট্রেস করে। **তিন দিনের মধ্যে তারা ৭০,০০০ ভাইকে আটক করে।** এর থেকে আমরা খুবই গুরুত্বপূর্ণ শিক্ষা নিতে পারি: "আমাদের কাজে আমরা কাউকে স্পর্শকাতর তথ্য দেয়ার সিদ্ধান্ত তার বিশ্বাসযোগ্যতার ওপর ভিত্তি করে নেই না। বরং তথ্যটি দেয়ার প্রয়োজনীয়তার ওপর ভিত্তি করেই এই সিদ্ধান্ত নেয়া জরুরি"। একে আমরা বলি **'কাট-আউট সিস্টেম'**।

এফ.আই.এ-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ ভুমিকা হচ্ছে রাজনীতিতে জড়িত লোকজনের ওপর নজর রাখা, তারা দেশে বা দেশের বাইরে যেখানেই থাকুক, আর তাদের চলাফেরা আর পরিচিতদের ওপর নজর রাখা। এরপর যেই দলের ওপর তারা নজর রাখে তা হলো ইসলামি আলিম ও ইমামরা। তারা নিয়মিত ইমামদের খুতবা/বক্তৃতা শোনে এবং ক্ষমতাসীন সরকারের বিরুদ্ধে বিদ্রোহের ইন্ধন জোগানোর লক্ষণ বা ইঙ্গিতের খোজ করে। জিহাদের আহ্বান করে এমন আলিমদের গুপ্তহত্যা করা এসব গোয়েন্দা সংস্থার জন্য বিরল কোন ঘটনা নয়, যেমন শেইখ শামযাই, যিনি সরকারের বিরুদ্ধে ফাতওয়া দিয়েছিলেন, ফলে তাকে হত্যা করা হয়। এফ.আই.এ-এর আরেকটি ভুমিকা হচ্ছে দেশের পারমাণবিক অস্ত্র প্রতিরক্ষা করা। তারা বিমানবন্দর, ট্রেন স্টেশন, ইত্যাদি স্থানে এজেন্ট স্থাপন করে সন্দেহজনক যেকোন কিছুর ব্যাপারে তথ্য জড়ো করার জন্য। তারা সাংবাদিক, এন.জি.ও এবং ত্রাণকর্মীদের ওপরও গুপ্তচরগিরি করে জঙ্গিদের মুখপাত্র হিসেবে তারা কাজ করছে কি না

তা নিশ্চিত করার জন্য। এসব লোকেরা দেশের উর্ধ্বতন রাজনীতিবিদদের সাথে ঘনিষ্ট সম্পর্ক রাখে, তাই তারা সেসব সরকারি কর্মকর্তাদের প্রতি হুমকিস্বরুপ কি না তা যাচাই করা প্রয়োজন হয়।

৭. কাজের কিছু মৌলিক বিষয়

- কাউকে কোন জায়গায় কাজ করতে পাঠানো হলে তাকে সেই জায়গা, সেই এলাকায় অবস্থিত বিপদ যেমন গোয়েন্দা সংস্থার ভবন, পুলিশ স্টেশন, আর এসব সংস্থা সেই এলাকায়ে কিভাবে কাজ করে, এসব ব্যাপারে সংক্ষিপ্ত বিবরণ দিতে হবে।

- তথ্যানুসন্ধান করার সময় ছবি খুবই মুল্যবান (খেয়াল রাখতে হবে অনেক এলাকায় ছবি তোলা নিষিদ্ধ)। এলাকাটির ওপর আক্রমণ করার সম্ভাব্য উপায়ও চিহ্নিত করা যায়।

- কিছু কিছু নিরাপত্তা/স্পর্শকাতর ভবন দেয়াল, বেড়া বা কাঁটাতার দিয়ে ঘেরা থাকে। তারা টহল দেয়ার জন্য নিরাপত্তা প্রহরী নিয়োগ করে, ইলেক্ট্রনিক নিরাপত্তা (সিসিটিভি ক্যামেরা, তাপ/বিচলন সংবেদনশীল যন্ত্র), কুকর ইত্যাদি ব্যাবহার করে।

- অনেকসময় তারা বেড়া/বেষ্টনিগুলোকে বৈদ্যুতীকরণ করে রাখে, তাই বাড়তি সতর্কতা নিতে হবে। কিছু দেয়ালের দুই পরত থাকে, একটার পর আরেকটা। কখনও তাদের মাঝে ১০ ফুটের মত দুরত্ব থাকে। দুই দেয়ালের মাঝের জায়গাটাতে প্রহরী বা কুকরের টহল থাকে অথবা বৈদ্যুতীকরণকৃত পানি থাকে। একেক জায়গায় একেক ধরণের নিরাপত্তা ব্যাবস্থা প্রয়োগ করা হয়; তাই যেকোন অপারেশনের আগে সেসব ব্যাবস্থা পর্যবেক্ষণ করে নিতে হবে।

- ভি.আই.পি-রা উচ্চনিরাপত্তা সম্বলিত কোন ভবনে ঢুকতে গেলে তাদেরকে অনেকগুলো নিরাপত্তা গন্ডি পার হতে হয়। প্রথমে তাদেরকে একাধিক নিরাপত্তাকর্মী সহ একটি অতিথি কক্ষে নিয়ে যাওয়া হয়। যতক্ষণ তাদের পরিচিতি সম্পর্কে নিশ্চিত না হওয়া যায় এবং ভেতরে প্রবেশ করার অনুমতি না দেয়া হয়, ততক্ষণ তারা এখানেই থাকে। এই কক্ষে ভি.আই.পি-দের কাজকর্ম লক্ষ্য করার জন্য ক্যামেরা এবং শ্রবণযন্ত্র থাকে। নিরাপত্তাকর্মীরা তাদের আগমনের সময়, চলে যাওয়ার সময় গাড়ির সংখ্যা, তার সাথীদের সংখ্যা, ইত্যাদি নোট করে রাখে। নিরাপত্তাকর্মীরা যাতে ভি.আই.পি-দের পরিচিতি বুঝতে পারে সেজন্য তাদের গাড়িতে সাধারণত কোন চিহ্ন বা প্রতীক থাকে।

৮. যোগাযোগ মাধ্যম

বিভিন্ন ধরণের যোগাযোগ মাধ্যম আছে যা মুজাহিদীনরা ব্যাবহার করতে পারেন। প্রথম যেটা আলোচনা করা হবে তা হলো চিঠি।

ক. চিঠি :

চিঠি ব্যাবহার করা হয় কারণ এটাতে খরচ কম, আর যদি ঠিকমতো করা যায়, মাধ্যমটি অত্যন্ত নিরাপদ। চিঠির লেখককে শিক্ষিত হতে হবে, কিভাবে চিঠিকে সংকেতে পরিণত করতে হয় জানতে হবে এবং অন্যান্য নিরাপত্তা কৌশল তার জানা থাকতে হবে। যদি প্রাপকের কাছে সংকেতগুলো না থাকে তাহলে এমনভাবে চিঠি লিখতে হবে যাতে স্পষ্ট বর্ণণা ছাড়াই প্রাপক চিঠির অর্থ বুঝে নিতে পারে। প্রয়োজন না হলে দীর্ঘ চিঠি লেখা থেকে বিরত থাকা উচিৎ। চিঠি লেখার আগে চিঠিতে

যেসব বিষয়ে লেখা হবে তা পয়েন্ট আকারে নোট করে নিতে হবে। চিঠিটি লেখার সময় সেটাকে একটি স্বাভাবিক ও সাধারণ চিঠির মতো করে লিখতে হবে।

- **চিঠি পাঠানো :**

- সাধারণ ডাক ব্যাবস্থাগুলোর মাধ্যমে – সময় বেশী লেগে যায় আর সহজেই হারিয়ে যেতে পারে।
- বিশেষ ত্বরিত ও নিরাপদ ডাক যেমন UPS, DHL, এরকম ডাক সেবা প্রতিষ্ঠানের মাধ্যমে – যেসব প্রতিষ্ঠান নাম এবং প্রেরকের ঠিকানা চায় সেগুলো পরিহার করুন।
- ভাইদের কারও মাধ্যমে – এই ব্যাবস্থা সবচেয়ে নিরাপদ ও দ্রুত হতে পারে।

- **চিঠি হস্তান্তর করা :**

প্রথমে নিশ্চিত হতে হবে চিঠি সঠিক ব্যাক্তিকেই দেয়া হচ্ছে। চিঠিটির একটি ফটোকপি করে রাখা উচিৎ। দলের ফাইল স্থানান্তর করার ব্যাপারে যেসব সতর্কতামূলক ব্যাবস্থার কথা উল্লেখ করা হয়েছে সেগুলো এক্ষেত্রেও নিতে হবে – যেমন নির্ভরযোগ্য ও বিশ্বাসযোগ্য কোন ভাইকে ব্যাবহার করা, ঠিকানা মুখস্ত রাখা, ইত্যাদি। দলের ফাইল ধ্বংশ করার যে পদ্ধতি উল্লেখ করা হয়েছে, পড়া হয়ে গেলে চিঠিটাকেও একই পদ্ধতিতেই নষ্ট করে ফেলতে হবে।

- **চিঠি লুকানো :**

অনেক পদ্ধতি আছে; অল্প কয়েকটা উল্লেখ করা হলো।
- কলমের ভেতর লুকানো
- টুথপেস্টের ভেতর
- বই-পুস্তকের ভেতর
- বাচ্চাদের দুধের টিনের ভেতর
- তাবিজের ভেতর (কিছু জাহিল মুসলমান এসব জিনিস গলায় ঝুলিয়ে রাখে অশুভ আত্মা থেকে নিস্তার পাওয়ার জন্য!) – আপনি নিজের জন্য একটি তাবিজ বানিয়ে তার ভেতর চিঠি রাখতে পারেন।

চিঠি বহন করার সময় দরকার না হলে অতি স্পর্শকাতর এলাকা এড়িয়ে চলতে হবে। চিঠির ব্যাপারে অসতর্ক হওয়া যাবে না। বিক্ষোভ সভা-সমাবেশে অংশ নেয়া বা এসবের কাছ দিয়ে যাওয়া পরিহার করুন।

চিঠি অদল-বদল করার জন্য স্থান আগে থেকেই ঠিক করে নেয়া থাকতে হবে। চিঠি হস্তান্তর করার আগে এলাকাটি ঘুরে দেখে নিতে হবে সন্দেহজনক কিছু আছে কি না। যদি প্রকাশ্য জায়গায় সাক্ষাত করা হয় তাহলে হাত মেলানোর সময় চিঠি হস্তান্তর করে নিতে পারেন। অথবা চিঠিটাকে পত্রিকার মধ্যে ঢুকিয়ে তাকে সেটা পড়তে দিতে পারেন। পরিস্থিতি ও পারিপার্শ্বিক অবস্থার ওপর নির্ভর করে বিভিন্ন পন্থা ব্যাবহার করা যায়। চিঠি হস্তান্তর করা হয়ে গেলে তৎক্ষণাৎ এলাকা ত্যাগ করতে হবে। কেনাকাটা, রেস্টুরেন্টে খাওয়া দাওয়া, এরকম কিছু করার চিন্তা করা যাবে না।

খ. টেলিফোন :

এটা সবাই ব্যাবহার করে। এটা একজন মুজাহিদের জন্য সবচেয়ে দরকারী ও কার্যকর যন্ত্র, আবার সবচেয়ে বিপজ্জনকও। আটক হওয়া ভাইদের অধিকাংশই মোবাইল ফোনের কারণে গ্রেফতার হয়। আগেই উল্লেখ করা হয়েছে, প্রতিটি কল মনিটর করা হয়, আর প্রশিক্ষণপ্রাপ্ত বহুভাষিক এজেন্টরা নিয়োজিত থাকে কথাবার্তায় আড়ি পাতার জন্য।

কল করার আগে কথাবার্তার বিষয়গুলো সব নোট করে নিতে হবে। নতুবা কথা দরকারের চেয়ে বেশী দীর্ঘ হবে, আর ব্যয়বহুলও হবে। আর এতে কতৃপক্ষ আপনার সঠিক অবস্থান নির্ণয় করার জন্য যথেষ্ট সময় পাবে। যে এলাকায় থাকেন সেখানে কখনই নিজের ফোন ব্যাবহার করবেন না।

যে এলাকায় থাকেন সেখানকার কোনও ফোন বক্সও কখনও ব্যাবহার করবেন না। একই বক্স একবারের বেশী ব্যাবহার করবেন না। কিন্তু যদি এমন এলাকায় থাকেন যেখানে খুব বেশী বক্স নেই, সেক্ষেত্রে একই বক্স আবার ব্যাবহার করার আগে কমপক্ষে একমাস অপেক্ষ করুন। দুইজন ভাইকে ফোন করতে হলে একই বক্স থেকে তাদের কল করবেন না। কারণ যদি কতৃপক্ষ এদের একজনকে অনুসরণ করতে থাকে, অন্যজনকেও তারা পেয়ে যাবে, কেননা আপনি তাদের মধ্যে সংযোগ করে দিয়েছেন। কথা শেষ হয়ে গেলে যেকোন একটা নাম্বারে কল করে কথা না বলে কমপক্ষে ১৫ সেকেন্ড অপেক্ষা করুন, তারপর ফোন নামিয়ে রাখুন। আশেপাশে কেউ থাকা অবস্থায় কথোপকথন চালানো এড়িয়ে চলুন – পুলিশ এসে আশেপাশের লোকজনের সাথে কথা বললে তারা আপনার বিবরণ দিতে পারে। ফোন বক্স ব্যাবহার করার আগে ফোনটা পরীক্ষা করে দেখে নিতে হবে সন্দেহজনক কিছু আছে কি না। কথাবার্তা সংক্ষিপ্ত রাখুন। কল শেষ হলে তৎক্ষণাৎ এলাকা ত্যাগ করুন। আরেকটি বিষয় হয়তো স্বাভাবিকই মনে হবে, কিন্তু নিশ্চিত করা জরুরি ফোনের অন্য পাশে যে আছে সে ঠিক ব্যাক্তি কি না। সংকেত বা ইশারা ব্যাবহার করুন, যেমনটা আগেও উল্লেখ করা হয়েছে, আর নিশ্চিত করুন সেগুলো অস্বাভাবিক বা সহজে লক্ষণীয় না হয়।

যদি কোনও ভাইয়ের সাথে মুখোমুখি কথা বলতে হয়, নিশ্চিত করতে হবে যেন নিজেদের মোবাইল ফোনগুলো কাছে না থাকে। মোবাইল এবং সিম প্রতিনিয়ত পরিবর্তন করা জানতে হবে – এটা বাজেটের ওপর নির্ভর করে। মোবাইল একই রেখে শুধু সিম বদলানোর ভুলটি করবেন না, কারণ কতৃপক্ষ দুটাকেই ট্রেস করে। একটি মোবাইল শুধু ইনকামিং কলের জন্য আর আরেকটি শুধু কল করার জন্য রাখার অভ্যাস করুন। পাকিস্তানে 'জ্যায' ব্যাবহার করা সবচেয়ে উত্তম, কারণ এটা আপনার অবস্থান ১০০ মিটারের মধ্যে ঠিকভাবে নির্ণয় করতে পারে, কিন্তু 'ইউ ফোন' ৩ মিটারের মধ্যে ঠিকভাবে আপনার অবস্থান নির্ণয় করতে পারে, আর অন্যান্য নেটওয়ার্ক আপনার অবস্থান একদম নির্ভুলভাবে নির্ণয় করতে পারে।

গ. ওয়্যারলেস/ওয়াকি-টকি :

এগুলো গেরিলা যুদ্ধে বেশী ব্যাবহৃত হয়। এগুলো খুবই সুবিধাজনক, কিন্তু বেশ কিছু **অসুবিধা**ও আছে। যেমন -
- খারাপ আবহাওয়ায় যোগাযোগ বিঘ্নিত হয়।
- শত্রু সব কথাবার্তা শুনতে পারে।
- শত্রু সহজেই বিঘ্ন ঘটাতে পারে।
- তারা আপনার অবস্থান নির্ণয় করতে পারে।

এসব অসুবিধার পাল্টা ব্যাবস্থা নিতে হলে নিম্নোক্ত কাজগুলি করা যায় :

- কথোপকথনের দৈর্ঘ কম রাখতে হবে – অপ্রয়োজনীয় কথা বলার জন্য ব্যাবহার করা যাবে না (এটা মোবাইল ফোনের জন্যও প্রযোয্য)।
- কথা বলার জন্য নির্দিষ্ট সময় ঠিক করে নিতে হবে।
- ওয়াকি-টকি ব্যাবহারের স্থান পরিবর্তন করুন। চেচেন মুজাহিদ শামিল বাসায়েভ নিহত হয়েছিলেন ওয়াকি-টকি ব্যাবহারের কারণে, কাফিররা সেই এলাকায় বোম ফেলেছিলো (দেখা যাচ্ছে যে কাফিরদের কাছে এমন প্রযুক্তি আছে যার সাহায্যে তারা ওয়াকি-টকি ব্যাবহারকারীর অবস্থান বের করতে পারে)। এছাড়া স্যাটেলাইট ফোনের মাধ্যমে বিবিসিকে সাক্ষাৎকার দেয়ার

সময় দক্ষিণ ওয়াযিরিস্তানের মুজাহিদ নেক মুহাম্মাদের ওপর বোমা ফেলা হয়েছিলো।
- ওয়াকি-টকির নিচের 'মোড' ব্যাবহার করা গেলে সেটা অধিক নিরাপদ। অর্থাৎ উপরের মোড শুধু তখনই ব্যাবহার করুন যখন দূরে কারও কাছে বার্তা পাঠাতে হয়।
- ক্রস নাম্বারে বার্তা পাঠানো: এর অর্থ এক ফ্রিকুয়েন্সিতে বার্তা আসবে, আর কথা বলার বোতাম চাপলে অন্য ফ্রিকুয়েন্সিতে বার্তা যাবে। এই পদ্ধতি ব্যাবহার করার সময় একই ক্রস নাম্বার সবার সাথে ব্যাবহার করা যাবে না। একেক দল/ব্যাক্তির জন্য একেক ক্রস নাম্বার ব্যাবহার করতে হবে।

ঘ. এস.এম.এস/ফ্যাক্স :

এস.এম.এস বা ফ্যাক্স খুব সহজেই পড়া যায়। আপনার থাকার এলাকায় এগুলো ব্যাবহার করবেন না। যদি ব্যাবহার করতেই হয়, অবশ্যই আসল নাম দেয়া যাবে না। একই জায়গা থেকে সবসময় ফ্যাক্স করা যাবে না (এসব সতর্কতার অধিকাংশই অন্যান্য যোগাযোগ মাধ্যমের মতো একই)। ফ্যক্স করা হলে মেশিনের 'ক্যাশে মেমরি' মুছে দিন। আর তৎক্ষণাৎ এলাকা ত্যাগ করুন। যদি জানতে পারেন কোনও ভাই আটক হয়েছে আর সে জানে আপনি যোগাযোগের কোন মাধ্যম ব্যাবহার করেন, যেমন আপনার মোবাইল নাম্বার, তাহলে সেই মাধ্যম ফেলে দিয়ে অন্য কিছু কিনে নিতে হবে – এটা সব যোগাযোগ মাধ্যমের জন্যই প্রযোয্য।

৯. মিটিং (অধিবেশন) ও গেট-টুগেদার (একত্র হওয়া)

এই দুইয়ের মধ্যে পার্থক্য হচ্ছে যে গেট-টুগেদার কিছুটা উম্মুক্ত আর এতে অনেকে উপস্থিত থাকতে পারে। কিন্তু মিটিং অনেকটা রুদ্ধ, এতে অল্পসংখ্যক লোক থাকে। এর গোপনীয়তার কারণে এর জন্য বেশী নিরাপত্তা প্রয়োজন। গেট-টুগেদারে যেকোন বিষয়ে আলোচনা করা যায়, মিটিং আয়োজন করা হয় কাজ সম্পর্কে নির্দিষ্ট কিছু বিষয় নিয়ে কথা বলতে।

ক. মিটিং আয়োজন করা :

মিটিং এর জন্য নির্ধারিত স্থান এবং সময় ভাইদেরকে জানিয়ে দিতে হবে। কোন কারণে যদি নিরাপত্তা নিয়ে সমস্যা হয়, তাদেরকে সংকেতের মাধ্যমে জানিয়ে দিন তারা যেন না আসে – যেমন তাদেরকে ফোন করে বলা 'ভোল্টেজ অনেক বেশী'। কেউ যদি ট্যাক্সি দিয়ে আসে সে ট্যাক্সি থেকে নির্ধারিত স্থানে না নেমে একটু দুরে নামবে। কেউ তার ব্যাক্তিগত গাড়িতে এলে সেটা এমনভাবে পার্ক করবে যেন প্রয়োজনে সহজে এবং দ্রুত পালাতে পারে। নির্ধারিত জায়গায় প্রবেশ করার আগে প্রত্যেকের দেখে নেয়া জরুরি তাকে অনুসরণ করা হচ্ছে কি না। নিশ্চিত করতে হবে মিটিং এর সময় কোন মোবাইল ফোন সাথে নেই। পরিধানের পোশাক এলাকার জন্য যথাযথ হতে হবে। মিটিঙে অংশগ্রহণকারী এবং তাদের গুরুত্বের ওপর নির্ভর করে বিবেচনা করতে হবে সেফ হাউজ/ভবনের বাইরে গুপ্ত রক্ষী রাখার প্রয়োজন আছে কি না, যারা সম্ভাব্য পুলিশের রেইড সম্পর্কে সতর্ক করতে পারবে। পুলিশ বেশী কাছে চলে এলে তারা পুলিশকে ব্যাহতও করতে পারবে, যেমন সরু রাস্তায় গাড়ি রেখে চাকা বদলানোর ভান করে।
সেফ হাউজটির কমপক্ষে দুইটা দরজা থাকা উচিৎ। ভাইদের ভিন্ন ভিন্ন এলাকা থেকে এসে ভিন্ন ভিন্ন দরজা দিয়ে প্রবেশ করতে হবে। সবাই একই সময়ে পৌছাবে না, কিন্তু সবাই মিটিং শুরু হওয়ার আগেই উপস্থিত থাকবে। বাড়িটিতে সন্দেহজনক কিছু আছে কি না পরীক্ষা করে দেখতে হবে। মিটিং শেষ হলে নিশ্চিত করতে হবে যে সেখানে মিটিং হয়েছে এবং ভাইদের সংখ্যা এসব নির্দেশ করে এমন সব প্রমাণ সরিয়ে ফেলা হয়েছে – যেমন চায়ের কাপ সরানো।

মিটিং পরিচালনা করার সময় আলোচনার সব বিষয় লিখে প্রস্তুত রাখতে হবে। মিটিং ৩০ মিনিটের বেশী হওয়া চলবে না। কোন প্রয়োজন বা জরুরি পরিস্থিতিতে মিটিং ডাকা হয়, আর তা নোটিশের ২৪ ঘন্টার মধ্যে অনুষ্ঠিত হতে হবে। একবার মিটিং নির্ধারিত করা হলে তা স্থগিত করা উচিৎ না। জরুরি অবস্থায় কর্তব্যগুলো জানা থাকতে হবে – যেমন পুলিশ এলে কি করতে হবে। সেফ হাউজ ত্যাগ করতে বাধ্য হলে অন্য সেফ হাউজে যেতে হবে যেখানে পরিস্থিতি সম্পর্কে সবাইকে ব্রিফিং (অবহিতকরণ) করা হবে – যেমন কে আটক হয়েছে, ঘটনা কি ছিলো, ইত্যাদি। ব্রিফিং শেষ হলে সবাই সেখান থেকে চলে যাবে। কি ঘটেছে বোঝার জন্য তদন্ত চালু করতে হবে।

১০. সফরে নিরাপত্তা

অধিকাংশ লোক গ্রেফতার হয় সফরকালে অপর্যাপ্ত সতর্কতামূলক ব্যাবস্থা নেয়ার কারণে। সফর সবসময় ঝুঁকিপূর্ণ (যথেষ্ট সতর্ক না হলে), যদি দেশ উচ্চ হুঁশিয়ারিতে না থাকে সেক্ষেত্রেও। স্বভাবতই একেক এলাকার জন্য একেক কর্মপন্থা প্রয়োজন, কিন্তু মূল ধারণাগুলো একই। তা হচ্ছে, ছদ্মপরিচয় অনুযায়ী পোশাক পরা – অর্থাৎ ধনী ব্যবসায়ীর পরিচয় নিয়ে ছেঁড়া কাপড় পরা যাবে না। প্যান্ট-পাজামা গোড়ালির নিচে থাকতে হবে। বেশভুষা সাধারণ লোকজনের মতো হতে হবে – যেমন সাধারণ চুলের স্টাইল রাখা, সেটা অ-ইসলামি স্টাইল হলেও। সফরের সময় সাথে কি কি জিনিস আছে তা জানা থাকতে হবে। বেশীরভাগ ক্ষেত্রেই অতি ঝুঁকিপূর্ণ জায়গায় ছদ্মপরিচয় ইসলামি হবে না, তাই সাথে আতর, মিসওয়াক বা এরকম ইসলামি জিনিসপত্র রাখা চলবে না। শুধু একটি পরিচয়পত্র বহন করতে হবে। প্রয়োজন না হলে বিপজ্জনক কিছু বহন করা যাবে না, যেমন বন্দুক, ছুরি, ইত্যাদি। যদি এমন কিছু বহন করতেই হয়, সেটাকে অন্য কারও কাছাকাছি রাখতে হবে, যাতে পুলিশ সেটা পেলেও আপনাকে সন্দেহ না করে। ছদ্মপরিচয় অনুযায়ী টাকাপয়সা রাখতে হবে, যদি না বড় অংকের টাকা স্থানান্তর করতে বাধ্য থাকেন।

নিশ্চত করে নিন যে গন্তব্যের এলাকাটি চেনেন। মিশনের ওপর লক্ষ্যস্থির থাকতে হবে আর সফরকালে **'আমর বিল মা'রুফ ওয়া নাহিয়া 'আনিল মুনকার'** (ভাল কাজের আদেশ এবং মন্দ কাজের নিষেধ) করতে চেয়ে লক্ষ্য থেকে বিচ্যুত হওয়া যাবে না। মারামারি এড়িয়ে চলুন কারণ এতে আপনার প্রতি পুলিশের দৃষ্টি আকর্ষণ হতে পারে। আপনার টিকেট নিজেরই কেনা উচিৎ, আর সেটার যাত্রাপথ জানা থাকতে হবে। পৌছানোর পর টিকেটটি ধ্বংশ করে ফেলুন। (বাস/কোচ ব্যাবহার করলে) পেছনের সিটে বসা পরিহার করুন কারণ এতে পুলিশের দুষ্টি আকর্ষণ হয়। যদি সম্ভব হয়, সর্বশেষ গন্তব্যস্থলে নামবেন না, বরং তার কাছাকাছি গিয়েই নেমে পড়ুন। এতে বাসে আপনার পেছনে লেগে থাকা গুপ্তচরদের ঝেড়ে ফেলতে পারবেন আর আপনার আসল গন্তব্য তারা জানতে পারবে না।

ক. হোটেল নিরাপত্তা :

সাধারণত এসব জায়গায় গোয়েন্দা অফিসাররা থাকে। কিছু স্পর্শকাতর এলাকায় এসব অফিসাররা এসে হোটেলে থাকা লোকজনের নাম নেয় আর তাদের পরিচয় পরীক্ষা করে। ছদ্মপরিচয় অনুযায়ী হোটেল নিতে হবে। গরীব ছাত্র হয়ে পাঁচ তারা হোটেলে থাকা যায় না। কামরায় ঢুকে প্রথমেই জানালা আর পর্দাগুলো বন্ধ করে দিতে হবে। তারপর খুজে দেখতে হবে কোন ক্যামেরা বা গুপ্ত শ্রবণ যন্ত্র আছে কি না – এসব থাকতে পারে বাতির নিচে, দেয়ালে টাঙানো ছবির পাশে, ইত্যাদি জায়গায়। হোটেলের ফোন ব্যাবহার করে কারও সাথে যোগাযোগ করা এড়িয়ে চলুন। স্পর্শকাতর বিষয় নিয়ে হোটেলের কামরায় বসে আলোচনা করতে হলে টিভি উচ্চ ভলিউমে ছেড়ে রেখে কথা বলুন। কিন্তু উত্তম হবে এধরণের মিটিং হোটেলের বাইরে কোন পার্ক বা রেস্টুরেন্টে বসে করা।

অনেক হোটেলে, বিশেষত ব্যাস্ত শহরগুলোতে, পুরুষদের আকর্ষণ করার জন্য লবিতে নারীরা ঘোরাঘুরি করতে থাকে। এরা হতে পারে পতিতা কিংবা শ্রেফ অর্থবান পুরুষের খোজে থাকা নারী। তাদের মতলব যাই হোক না কেন, এটা বিরাট সমস্যার সৃষ্টি করে। কিছু গোয়েন্দা সংস্থা এদের ব্যাবহার করে নির্দিষ্ট লোকদের পরিচয়ের সত্যতা পরীক্ষা করে দেখার জন্য। শয়তান আপনাকে প্রলুব্ধ করার এই সুযোগ নিতে পারে। হয়তো কোনও সুন্দরী যুবতী আপনার সাথে কথা বলতে চাইবে। নিজেকে এরকম পরিস্থিতি থেকে রক্ষা করতে প্রথমেই আপনাকে আল্লাহর কাছে দৃঢ়তার (ইস্তিক্বামা) জন্য দোয়া করতে হবে। দ্বিতীয়ত, বাস্তবসম্মত এবং বিশ্বাসযোগ্য কোন অজুহাত দেখিয়ে আপনাকে তার কাছ থেকে সরে যেতে হবে – যেমন কয়েক বছর ধরে আপনার একজন বান্ধবী আছে এবং আপনি তার প্রতি অনুরত, অথবা আপনি সমকামী। বাহানার ধরণ নির্ভর করে ভাইটির আত্মবিশ্বাস এবং সে কিরকম পরিস্থিতি আর স্থানে আছে তার ওপর।

খ. বিভিন্ন ধরণের বাহন :

